# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 08 April, 2025

কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলা ও পৌর বিএনপির আহ্বায়ক কমিটি অনুমোদন করে প্রকাশ করেছে জেলা বিএনপি।কুড়িগ্রাম জেলা বিএনপির আহ্বায়ক মোস্তাফিজার রহমান মোস্তফা এবং সদস্য সচিব সোহেল হোসনাইন কায়কোবাদ স্বাক্ষরিত একটি চিঠির মাধ্যমে এই তথ্য নিশ্চিৎ করা হয়েছে।এই কমিটি অনুমোদন করে মঙ্গলবার প্রকাশ করা হয়।নাগেশ্বরী উপজেলা বিএনপির আংশিক আহ্বায়ক কমিটিতে গোলাম রসুল রাজাকে আহ্বায়ক ও মোখলেছুর রহমানকে সদস্য সচিব করে ১৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি ঘোষণা করেন।কমিটিতে অন্যান্যদের মধ্যে সিনিয়র যুগ্ম আহ্বায়ক পদে শফিউল আলম সফি, যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম (সরকার), মকবুল হোসেন, আনিছুর রহমান আনিস, একেএম তানজীমুল ইসলাম কিরণ, মোজাম্মেল হক দুদু, নজির হোসেন মাস্টার, নুর মোহাম্মদ আল আমিন এবং সদস্য পদে রয়েছেন নুরনবী দুলাল, রফিকুল ইসলাম (সাংবাদিক), মাহফুজার রহমান সিদ্দিকী, আব্দুস সালাম (বিএসসি), এসএম জাহাঙ্গীর বাদশা (টুটুল), নূরল আমিন সিদ্দিকী (নেওয়াশী), ইব্রাহীম হোসেন, জাহিদুল ইসলাম খান, আজিজুল হক (ভিতরবন্দ)।

এছাড়াও নাগেশ্বরী পৌর বিএনপির ১৮ সদস্য বিশিষ্ট কমিটিতে আহ্বায়ক পদে স্থান পেয়েছেন আবুল কাশেম সরকার এবং সদস্য সচিব আজিজুল হক।এছাড়াও সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে রয়েছেন ওমর ফারুক, যুগ্ম আহ্বায়ক আব্দুল মোমেন, একেএম আশরাফ হোসেন আপেল, আওলাদ হোসেন, আনিছুর রহমান জিন্নু, জহুরুল হক কামাল, এসএম হাবিবুর রহমান হাবু এবং দেলোয়ার হোসেন মাইদুল। এছাড়াও সদস্য পদে রয়েছেন শামিম আহসান উজ্জ্বল, শহিদুল ইসলাম মাস্টার, খাইরুল ইসলাম খতিবর, শফিকুল ইসলাম চৌধুরী, আব্দুল মান্নান প্রধান, মোজাফফর হোসেন বিএসসি, খাইরুল ইসলাম মাস্টার ও আবু তালেব।

দলীয় সূত্র জানায়, এই কমিটির মাধ্যমে উপজেলা বিএনপিকে আরও সুসংগঠিত ও গতিশীল করা হবে।অপরদিকে দলীয় নেতাকর্মীরা এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলেন, নতুন নেতৃত্বের মাধ্যমে দল আরও শক্তিশালী ও ঐক্যবদ্ধ হবে।

আগামী ৭ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠন করে জেলা কমিটির নিকট প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়েছে চিঠিতে।

বিএনপি আহ্বায়ক কমিটি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:19

URL: https://www.timestodaybd.com/rangpur/775807513